

(৫০০৮০)

তারবার্তা

বাংলা ব্যাংক

দুরালাপনী: ৯৫৩০০১০-৭৫

৯৫৩০৭০০-৫৯

বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট
(নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট)

এসএমইএসপিডি সার্কুলার নং: ১

তারিখ: ০৮ ফেব্রুয়ারি ২০১৫
২৬ মাঘ ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশের সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

নারী উদ্যোক্তা উন্নয়নে মনিটরিং কার্যক্রম জোরদার করণের উদ্দেশ্যে
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে “নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট” গঠন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনারা অবগত আছেন যে, বাংলাদেশের উন্নয়ন এজেন্ডাসহ মিলিনিয়াম উন্নয়নের লক্ষ্যমাত্রার একটি অন্যতম ক্ষেত্র হলো নারীর অর্থনৈতিক মুক্তি ও ক্ষমতায়ন। এ লক্ষ্যমাত্রা অর্জনের ধারাবাহিকতাকে আরো বেগবান করার উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংকে নবগঠিত “নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট” কার্যক্রম পরিচালনা করছে। উক্ত ইউনিটে কর্মরত কর্মকর্তাদের কার্য-পরিধিসহ (Terms of Reference) নামের তালিকা সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের বরাবরে প্রেরণ করা হয়েছে।

নারী উদ্যোক্তাদের সকল প্রকার সেবা প্রদান, ক্ষুদ্র ও কুটির স্তরের নারী উদ্যোক্তাদেরকে শিল্প ও সেবা খাতে অগ্রাধিকার ভিত্তিতে ঋণ বিতরণে উদ্যোগী ভূমিকা পালন, প্রমোশনাল কার্যক্রমের মাধ্যমে নতুন নারী উদ্যোক্তা সৃষ্টি, এসএমই ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা বৃদ্ধি এবং তা অর্জন, নারী উদ্যোক্তাদের ক্লাস্টার খুঁজে বের করে তাদের ঋণ কর্মকাণ্ডে অন্তর্ভুক্তিসহ উন্নয়নমূলক কর্মকাণ্ডকে সূচারূপে এবং অধিকতর গুরুত্ব সহকারে সম্পাদনের লক্ষ্যে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রধান কার্যালয়সহ আঞ্চলিক কার্যালয়ে (যদি থাকে) একটি “নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট” (Women Entrepreneur Development Unit) গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। প্রস্তাবিত ইউনিট শাখা পর্যায়ের Women Entrepreneur Dedicated Desk/Help Desk-সমূহের কার্যক্রম মনিটরিং করবে। নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিটে নারী কর্মকর্তা নিয়োজিত করার বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করতে হবে।

এ সার্কুলার জারির ১৫ দিনের মধ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট গঠনপূর্বক অত্র বিভাগকে অবহিত করার জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

ধন্যবাদান্তে,



(স্বপন কুমার রায়)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০১৮৬